**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 24-10-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-50 P.M.** **Compiling : DSS**
**DEO : KB** **NR : DSS**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সারাদেশে রোজগার মেলার মাধ্যমে ৫১ হাজারের বেশি নিয়োগ পত্র প্রদান করেছেন।

২/ ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী SIR চলাকালীন রাজ্য জুড়ে হেল্প ডেস্ক চালু করার সিদ্ধান্ত নিয়েছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর। # নদীয়ার কল্যাণীতে আজ এক ভবঘুরের কাছ থেকে আড়াইশ'টি সচিত্র ভোটার পরিচয় পত্র মেলায়, নির্বাচন কমিশন রিপোর্ট তলব করেছে।

৩/ কলকাতা হাইকোর্ট পশ্চিমবঙ্গ বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে রাজ্য পুলিশের দায়ের করা ২০ টি FIR মধ্যে ১৫ টি FIR খারিজ করে দিয়েছে। # আদালতের আজকের রায়ের প্রেক্ষিতে বিজেপি নেতৃত্ব, শুভেন্দু অধিকারীর পাশে আছে বলে জানিয়েছে।

৪/ SSKM হাসপাতালে নাবালিকা রোগীর শ্লীলতাহানির ঘটনায় স্বাস্থ্য দপ্তর রিপোর্ট তলব করেছে।

৫/ আসানসোলের ট্রেডিং সংস্থা খুলে প্রায় চারশ কোটি টাকা প্রতারণার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস নেতার বিরুদ্ধে।

৬/ ছট ও জগদ্ধাত্রী পুজোয় রাজ্যে বৃষ্টির সম্ভাবনা।

************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সারাদেশে রোজগার মেলার মাধ্যমে ৫১ হাজারের বেশি নিয়োগ পত্র প্রদান করেছেন।
কলকাতায় এই উপলক্ষ্যে ডাক বিভাগের উদ্যোগে বি সি রায় অডিটরিয়ামে এক অনুষ্ঠানে রেল, ডাক সহ বিভিন্ন সরকারি দপ্তরে ১৮৩ জনকে নিয়োগপত্র দেওয়া করা হয়।

কয়েকজনের হাতে এই নিয়োগপত্র তুলে দেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর ।
তিনি বলেন, দেশের জন্য যুব সমাজের কী ভূমিকা হওয়া উচিত, রোজগার মেলার মাধ্যমে সে বিষয়ে একটা ধারণা তৈরি হয়। প্রধানমন্ত্রী যে বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্য নিয়েছেন, তা পূরণে যুবসমাজ একটি বিশেষ অংশ। তাই যুব সমাজ যাতে সঠিকভাবে কাজ করতে পারে তার জন্য রোজগার মেলা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

(বাইট- শান্তনু )

***************************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী SIR চলাকালীন রাজ্যজুড়ে হেল্প ডেস্ক চালু করার সিদ্ধান্ত নিয়েছে  মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর। প্রতিটি জেলাভিত্তিক হেল্পডেস্ক গঠনের পরিকল্পনা নেওয়া হয়েছে, যাতে সাধারণ মানুষ সহজে সংশোধন সংক্রান্ত তথ্য ও সহায়তা পেতে পারেন। জেলা নির্বাচনী আধিকারিকের দফতর ছাড়াও প্রতিটি ইআরও (সাবডিভিশনাল অফিসার) এবং এইআরও (বিডিও) দফতরে হেল্পডেস্ক খোলা হবে বলেও জানা গিয়েছে ।  এসআইআর প্রক্রিয়া চলাকালীন ভোটারদের আবেদন, আপত্তি ও সংশোধন সংক্রান্ত প্রশ্নের উত্তর  এবং প্রয়োজনীয় দিশা দিতে এই হেল্পডেস্কগুলি সক্রিয় থাকবে।

***************************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর) শুরুর আগে বুথ লেভেল আধিকারিক ও ইআরওরা বৈঠকে বসতে চলেছেন। এস আই আর-এর প্রস্তুতি নিয়ে আগামী সোমবার থেকে ধাপে ধাপে বুথ লেভেল আধিকারিক ও ইআরও-রা জেলাওয়ারি ভাবে আলোচনায় বসবেন বলে মুখ্য নির্বাচনী আধিকারিক-এর দপ্তর সূত্রে জানা গিয়েছে।

***************************

নদীয়ার কল্যাণীতে এক ভবঘুরের কাছে প্রায় আড়াইশো টি সচিত্র ভোটার কার্ড মেলায়, নির্বাচন কমিশন রিপোর্ট তলব করেছে। মুখ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তর থেকে জেলা নির্বাচনী আধিকারিক বা জেলাশাসকের কাছে ঘটনার বিস্তারিত জানিয়ে দ্রুত রিপোর্ট চাওয়া হয়েছে ।

উল্লেখ্য, আজ সকালে কল্যানীর মাঝেরচর এলাকায় এক ব্যাক্তিকে সন্দেহজনক ভাবে ঘোরাঘুরি করতে দেখে স্থানীয় মানুষ তার ব্যাগ তল্লাশি করে ভোটার কার্ডগুলি উদ্ধার করে। পরে পুলিশকে খবর দেওয়া হয়। উত্তম প্রসাদ নামে ঐ ব্যাক্তি হুগলীর হিন্দমোটরের বাসিন্দা। তার কাছ থেকে পাওয়া ভোটার কার্ডগুলির মধ্যে বেশ কয়েকটি অসমের বলে পুলিশ জানিয়েছে।

***************************

কলকাতা হাইকোর্ট পশ্চিমবঙ্গ বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে রাজ্য পুলিশের দায়ের করা ২০ টি FIR মধ্যে ১৫ টি FIR খারিজ করে দিয়েছে। এর পাশাপাশি তাঁর বিরুদ্ধে FIR দায়ের করার জন্য হাইকোর্টের অনুমতি লাগবে বলে ২০২২ সালে বিচারপতি রাজাশেখর মান্থা যে অন্তর্বর্তী রক্ষাকবচ দিয়েছিলেন, তা প্রত্যাহার করে নিয়েছেন বিচারপতি জয় সেনগুপ্ত। তিনি জানিয়েছেন, যেকোনো অন্তর্বর্তী নির্দেশেরও একটা সময়সীমা আছে।

এদিকে, বিচারপতি সেনগুপ্ত আজ আরো বলেছেন, মানিকতলা থানায় বিরোধী দলনেতার বিরুদ্ধে ২০২১ সালে টাকার বিনিময়ে চাকরি দেওয়ার অভিযোগ এবং নন্দীগ্রাম থানার মামলা সহ পাঁচটি মামলার তদন্ত করবে সিবিআই ও রাজ্যপুলিশের যৌথ নেতৃত্বে গঠিত সিট। তদন্তকারী দলের মাথায় থাকবেন এসপি পদমর্যাদার দুই আধিকারিক। এছাড়াও রাজ্য পুলিশ ও সিবিআইয়ের সর্বাধিক পাঁচজন করে আধিকারিক ঐ দলে থাকবে। আরো বেশ কয়েকটি মামলায় কলকাতা হাইকোর্টে যথাযথ আবেদন না করায় সেগুলোর বিষয়ে নতুন করে আগামী সোমবার আবেদন করতে নির্দেশ দিয়েছেন বিচারপতি।

উল্লেখ্য, ২০২১ সালে বিধানসভা নির্বাচনের আগে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে রাজ্যের একাধিক থানায় FIR দায়ের হয়েছিল। তৃণমূল কংগ্রেস ছেড়ে বিজেপিতে

যোগ দেওয়ায় রাজনৈতিক প্রতিহিংসা থেকেই এই তৎপরতা বলে বলে বিচারপতি রাজশেখর মান্থার এজলাসে তিনি অভিযোগ জানিয়েছিলেন। সেসময় বিচারপতি মান্থা নির্দেশ দিয়েছিলেন, আদালতের অনুমতি ছাড়া তার বিরুদ্ধে কোনরকম এফআইআর করা যাবে না। সেই নির্দেশের বিরুদ্ধে রাজ্য সরকার সুপ্রিম কোর্টে গেলে শীর্ষ আদালত, কলকাতা হাইকোর্টে সংশ্লিষ্ট মামলাটি ফিরিয়ে দেয়।

***************************

আদালতের আজকের রায়ের প্রেক্ষিতে বিজেপি নেতৃত্ব, শুভেন্দু অধিকারীর পাশে আছে বলে জানিয়েছে। দলের প্রাক্তন রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার দুর্গাপুরে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, বিরোধী দলনেতা একা নয়, প্রয়োজনে বিজেপির সব নেতাই সংশোধনাগারে যাবে। শাসক দল কতজনকে সংশোধনাগারে নিয়ে যাবে সেটা তারা দেখতে চান।

( বাইট- সুকান্ত )

অন্যদিকে, দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, এই রায়ে স্ববিরোধিতা এবং রাজ্য সরকারের প্রতি একটি স্পষ্ট বার্তা রয়েছে। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, রক্ষাকবচ তুলে নেওয়ার পাশাপাশি বিরোধী দলনেতার বিরুদ্ধে ১৫টি FIR'ও খারিজ করা হয়েছে। তৃণমূল কংগ্রেস যদি মনে করে, মিথ্যে মামলা দিয়ে বিজেপিকে দমিয়ে রাখা যাবে, তাহলে তাদের ধারণা ভ্রান্ত।

***************************

কলকাতা হাইকোর্ট, উত্তর ২৪ পরগণার ভাটপাড়ায় গুলি চালনার ঘটনায় ব্যারাকপুর কমিশনারেটের পুলিশ কমিশনার মুরলিধর শর্মার নেতৃত্বে সিট গঠন করে তদন্তের নির্দেশ দিয়েছে । পাশাপাশি এই ঘটনায় অর্জুন সিং-এর বিরুদ্ধে দায়ের হওয়া এফয়াইয়ার আদালত খারিজ করার নির্দেশ না দিলেও, হাইকোর্টে সুরক্ষাকবচ পেলেন ভাটপাড়ার বিজেপি নেতা অর্জুন সিং। তার বিরুদ্ধে দায়ের হওয়া এফয়াইয়ারের ভিতিতে আগামী

ছসপ্তাহ পর্যন্ত পুলিশ তাকে গ্রেফতার করতে পারবেনা। ইতমধ্যে তাকে আগাম জামিনের আবেদন জানানোর নির্দেশ দেওয়া হয়েছে।

পাশাপাশি অন্য একটি ঘটনায় পুলিশ অভিযোগ, এফয়াইয়ার হিসাবে গ্রহণ করছে না এই আর্জি জানিয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন অর্জুন। বিচারপতি জয় সেনগুপ্ত নির্দেশ দিয়েছেন পুলিশের কাছে তিনি লিখিত অভিযোগ জানালে এফয়াইয়ার দায়ের এর ব্যাবস্থা নেওয়া হবে।

***************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ,২৬ শে অক্টোবর , আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৭-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

***************************

SSKM হাসপাতালে নাবালিকা রোগীর শ্লীলতাহানির ঘটনায় স্বাস্থ্য দপ্তর রিপোর্ট তলব করেছে। ওয়ার্ডের ভিতরে কীভাবে এই ঘটনা ঘটল, আগামী দু’দিনের মধ্যে লিখিতভাবে তা বিস্তারিত জানিয়ে হাসপাতাল সুপারকে রিপোর্ট জমা দিতে হবে।

এদিকে, নাবালিকার নির্যাতনের ঘটনায় ধৃত অমিত মল্লিককে আজ আবার আলিপুর আদালতে তোলা হয়। তাকে সাত দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

বুধবারের ওই ঘটনায় NRS-এর অস্থায়ী কর্মী অমিতকে গতকাল পুলিশ গ্রেপ্তার করে।

বিজেপি, এই ঘটনার তীব্র প্রতিবাদ জানিয়ে বলেছে, রাজ্যে আইন শৃঙ্খলা পরিস্থিতি ভয়ঙ্কর অবস্থায় পৌঁছেছে। কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার দুর্গাপুর NIT-তে আজ এক সেমিনারে বলেন, রাজ্যে একের পর এক মহিলার, নাবালিকার উপর অত্যাচারের ঘটনা ঘটছে। রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতি একেবারে তলানিতে ঠেকেছে।

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী, SSKM-এর ঘটনার কড়া নিন্দা করেছেন। সাংবাদিকদের তিনি বলেন, এরাজ্যে ঘরে, রাস্তায় বা হাসপাতালে কোথাওই নিরাপত্তা নেই। এই ঘটনায় মুখ্যমন্ত্রীর ক্ষমা চাওয়া উচিত।

( বাইট- অধীর )

সার্ভিস ডক্টর্স ফোরাম অভিযোগ করেছে, রাজ্যের বিভিন্ন যায়গায় সরকারি হাসপাতালে মহিলা চিকিৎসক ও রোগীদের কোনো নিরাপত্তা নেই। তাঁদের নিরাপত্তার দাবি জানিয়ে চিকিৎসকদের সংগঠনের পক্ষে সাধারণ সম্পাদক ডাক্তার সজল বিশ্বাস মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে চিঠি দিয়েছেন।

***************************

হাওড়ার উলুবেড়িয়ায় শরৎচন্দ্র চট্টোপাধ্যায় গভর্মেন্ট মেডিকেল কলেজ হাসপাতালে কর্তব্যরত মহিলা জুনিয়ার চিকিৎসককে নিগ্রহের প্রতিবাদে আজ প্রতীকী পেন ডাউন করেন, সিনিয়ার রেসিডেন্ট ডাক্তাররা। ১১ দফা দাবি নিয়ে সকাল ৯ টা থেকে দুপুর ২টো পর্যন্ত এই কর্মসূচী চলে।

***************************

রাজ্যের সব হাসপাতালের সুরক্ষা ব্যবস্থা নিয়ে আগামীকাল এক বৈঠকে বসতে চলেছেন মুখ্যসচিব মনোজ পন্থ। নবান্নে এই বৈঠকে থাকবেন স্বাস্থ্যসচিব নারায়ণ স্বরূপ নিগম–সহ স্বাস্থ্য অধিকর্তা, সব সিএমওএইচ, সব হাসপাতালের সুপার, পুলিশের শীর্ষ কর্তারা, সব জেলাশাসক ও পুলিশ সুপাররা, ডিজি রাজীব কুমার, কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা এবং সুরক্ষা ব্যবস্থার সঙ্গে যুক্ত সব দপ্তরের সচিবরাও থাকবেন এই বৈঠকে।

***************************

আসানসোলের উত্তর থানার রেল পাড় এলাকায় ট্রেডিং সংস্থা খুলে চড়া সুদে টাকা দেওয়ার কথা বলে প্রায় চারশ কোটি টাকা প্রতারণার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস নেতা শাকিল আহমেদ ও তার ছেলে তাহসিন আহমেদের বিরুদ্ধে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এই দুজন, বছর তিনেক আগে একটি ট্রেডিং সংস্থা খুলে বিনিয়োগকারীদের ১৫ শতাংশ হারে সুদ দেওয়া হবে বলে জানায়।

সম্প্রতি বিনিয়োগকারীরা টাকা ফেরত না পাওয়ায় গতকাল এলাকায় ব্যাপক উত্তেজনা সৃষ্টি হয়। প্রতারিতরা তাদের বাড়ির সামনে জমায়েত হয়ে বিক্ষোভ দেখায়। টাকা চাইতে গেলে এক আমানতকারীকে হেনস্তা করা হয় বলেও অভিযোগ।

এদিকে, অর্থলগ্নী সংস্থা খুলে কোটি কোটি প্রতারণার প্রতিবাদে এবং অভিযুক্তদের গ্রেপ্তারের দাবিতে বিজেপির পক্ষ থেকে আজ বিক্ষোভ প্রদর্শন করা হয়। দলের নেত্রী অগ্নিমিত্রা পালের নেতৃত্বে কর্মী সমর্থকরা এই বিক্ষোভ দেখায়। অগ্নিমিত্রা অভিযোগ করেন, মমতা বব্যানার্জীর সরকার এর আগে সারদা, রোজভ্যালি করে মানুষকে সর্বসান্ত করেছিল। এবার আসানসোলে তৃনমুল কংগ্রেসের নেতার ছেলেরা চিটফান্ড তৈরি করে তিন হাজার মানুষকে সর্বসান্ত করেছে। অবিলম্বে তাদের গ্রেপ্তার করে প্রতারিতদের অর্থ ফেরতের দাবি জানান।

**************************

চিটফাণ্ডে আর্থিক প্রতারণার মামলায় দিলীপ শেঠ কমিটির বিরুদ্ধে আর্থিক তছরুপের অভিযোগে ফরেনসিক অডিটে নেতৃত্ব দেওয়ার অধিকার নেই বলে, সেবি আজ আদালতে জানিয়েছে। তবে তারা সবরকম সহযোগিতা করবে বলে জানিয়েছে।

সেবির পক্ষ থেকে আর্জি জানানো হয়, যে এ'ব্যাপারে বিচারপতি রাজর্ষী ভরদ্বাজ ও বিচারপতি উদয় কুমারের ডিভিশন বেঞ্চ কেন্দ্রের আইনজীবিদের সঙ্গে পরামর্শ করে সিএজি-র কাছে জানতে চাইতে পারে তারা এই অডিটের কাজ করতে পারবে কিনা। আদালতের বক্তব্য, আমানতকারীদের অর্থ ফেরত দেওয়াই যেহেতু মূল উদ্দেশ্য, তাই আদালত জানতে চায় রোজভ্যালি আমানতকারীদের থেকে কত টাকা নিয়েছে এবং কত টাকা এখন পর্যন্ত ফেরত দেওয়া হয়েছে। তাই এসংক্রান্ত তথ্য আগামী ৩১ অক্টোবর আদালতে জানাতে হবে বলে নির্দেশ দিয়েছে হাইকোর্ট।

**************************

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের তত্ত্বাবধানে ইনস্টিটিউশন ইনোভেশন কাউন্সিল , দুর্গাপুর এনআইটিতে অ্যাকাডেমিক, ইন্ডাস্ট্রি ও প্রাক্তনীদের নিয়ে AI-AI Summit 2025 আজ

শুরু হয়েছে। দু'দিনের এই সেমিনারের উদ্বোধন করেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার।

***************************

কালীপুজো এবং ভাইফোঁটাতে রৌদ্রজ্জ্বল আবহাওয়া থাকলেও ছট ও জগদ্ধাত্রী পুজোয় রাজ্যে বৃষ্টির সম্ভাবনা। আলিপুর আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, দক্ষিণ বঙ্গোপসাগরে তৈরি ঘূর্ণাবর্তটি নিম্নচাপে পরিণত হয়েছে। আগামী ২৪ ঘন্টায় সেটি সুস্পষ্ট নিম্নচাপ এবং তারপর গভীর নিম্নচাপে রূপান্তরিত হবে বলে জানিয়েছেন, আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস।
সোমবার ২৭ তারিখ সকাল নাগাদ এটি সামুদ্রিক ঘূর্ণিঝড়ের রূপ নিয়ে উত্তর পশ্চিম দিকে অগ্রসর হবে। রবি ও সোম দুই ২৪ পরগণা এবং পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস। মঙ্গলবার বৃষ্টির পরিমাণ কিছুটা বাড়বে। বৃহস্পতিবার পর্যন্ত চলবে এই বৃষ্টি।
নিম্নচাপের প্রভাবে উপকূলবর্তী এলাকায় ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। সমুদ্র উত্তাল থাকার সম্ভাবনা। মৎস্যজীবীদের মঙ্গলবার ২৮ তারিখ থেকে সাগরে পারি দিতে নিষেধ করা হয়েছে। যারা ইতোমধ্যেই সমুদ্রে গেছেন, তাঁদের সোমবারের মধ্যে ফিরে আসতে বলা হয়েছে।

*****************************************************************